যুগান্তর

তারিখ ৩১ JUL 2016
পৃষ্ঠা 2 কলাম 7

### পলিটেকনিক অধ্যক্ষদের শিক্ষামন্ত্রী

# সন্দেহভাজন শিক্ষক শিক্ষার্থীদের তথ্য পুলিশকে দিন

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষক-শিক্ষার্থীদের নিয়মিত মনিটরিং ও সন্দেহভাজনদের তথ্য পুলিশে দিতে পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষদের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শনিবার ঢাকার সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট মিলনায়তনে 'জঙ্গিবাদ প্রতিরোধে কারিগরি শিক্ষকদের করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় তিনি বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে অননুমোদিতভাবে অনুপস্থিত শিক্ষার্থীদের সন্ত্রাসী হামলা ও জঙ্গি তৎপরতায় লিপ্ত হচ্ছে বলে সাম্প্রতিক কিছু ঘটনায় দেখা যাচ্ছে। পাশাপাশি শিক্ষক নামধারী কিছু ব্যক্তি আমাদের সন্তানদের নষ্ট করছে। এ কারণে আমাদের সন্তানদের রক্ষায় শিক্ষাপ্রতিষ্ঠানে তাদের নিয়মিত উপস্থিতি, আচার-আচরণ ও চলাফেরা মনিটরিং করতে হবে। এর মাধ্যমে শিক্ষার্থীদের এ ধরনের বিপদগামিতা রোধ করা সম্ভব।

শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের সভাপতি একেএমএ হামিদ এবং কারিগরি শিক্ষা অধিদফতরের পরিচালক মো. মিজানুর রহমান, অধ্যক্ষ শাহজাহান আলম সাজু, অধ্যক্ষ সেলিম মৃধা, অধ্যক্ষ সৈয়দ আবদুল আজিজ, অধ্যক্ষ ড. মো. নুরুল ইসলাম, অধ্যক্ষ শাহাদত হোসেন, সামসুর রহমান, অধ্যক্ষ আবদুস সাত্তার প্রমুখ বক্তৃতা করেন। অনুষ্ঠানে সরকারি ও বেসরকারি ডিপ্লোমা পলিটেকনিক ইন্সটিটিউট থেকে প্রায় পাঁচশ' প্রতিষ্ঠান প্রধান ও কারিগরি শিক্ষক অংশ নেন।

শিক্ষামন্ত্রী অনুষ্ঠানে অধ্যক্ষদের প্রতি ১১টি নির্দেশনা দেন। তিনি প্রত্যেক প্রতিষ্ঠানে শিক্ষক, অভিভাবক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তির সমন্বয়ে জঙ্গিবিরোধী কমিটি গঠন করতে বলেন। তিনি বলেন, গতানুগতিক সনদসর্বস্ব লেখাপড়া থেকে বেকারত্বের হতাশাগ্রস্ত তরুণদের অসামাজিক কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার আশংকা থাকে। কারিগরি শিক্ষায় বেকার সৃষ্টির কোনো আশংকা নেই।